১২২."ঘুমন্ত আহ্বান"

আজ ঘুমন্ত বীর বাঙ্গালী ডাকছে
আয় করোনা আয়,
আজ পথে,দোকানে,স্বপ্নে ডাকছে
আয় করোনা আয়।

ইউরোপকে জয় করে তুই
মোদেরকে দেখাস ভয়?
এই বীর বাঙ্গালী ঘুমে অচেতন
ভয় পায় না,ভয়কে করবে জয়।

আজ আমরা নিয়ম না মেনে
নেমেছি শপিং করতে,
তোর শক্তি কতোটা নির্মম
চাই যে মোরা দেখতে।

চেয়ে দেখ তুই, মা বোনেরা আজ
নেমেছে পথে শিশু নিয়ে কোলে,
তোর কি শক্তি আছেরে পাপী
সামাজিক দূরত্ব না মানলে?

স্বাস্থ্য বিভাগ দিক না যতই
বিধি, আর স্বাস্থ্য পরামর্শ,
আমরা মানি না কোনই নিয়ম
বিশ্বে আমরাই যে আদর্শ।

শপিংয়ে গিয়ে গায়ে গা ঘষে
দেবো হাচি আর কাশি,
নিয়মের কথা দোকানি শুনালে
বাজাবো ঘুমের বাঁশি ।

মরে গেলে তো, মরেই যাবো
তাই বলে ঘরে বন্দী?
একা যে মোরা মরতে চাই না
এটা যে মোদের ফন্দি।

প্রধানমন্ত্রীর ৩১ দফা
আমরা কেন মানতে যাব;
মরতে হলে মরবো মোরা
ঘুমন্ত আহ্বান জানাব।